**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**18 JULY 2025** **7:35AM**

==============================================================

স্বচ্ছ সর্বেক্ষণ ২০২৪-২৫ অর্থ বছরের সমীক্ষা অনুযায়ি গুয়াহাটী মহানগর উত্তর-পূর্ব ভারতের মধ্যে সবচাইতে পরিস্কার রাজধানী শহর হিসেবে পরিগণিত হয়েছে । সমীক্ষায় গুয়াহাটী মহানগর জাতীয় পর্যায়ের প্রতিশ্রুতি সম্পন্ন স্বচ্ছ শহর পুরস্কার লাভ করেছে । গুয়াহাটী পৌরনিগমের মেয়র মৃগেন শরণীয়া গতকাল নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে আয়োজিত স্বচ্ছ সর্বেক্ষণ পুরস্কার প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণ করে এই পুরস্কার গ্রহণ করেন । গুয়াহাটী মহানগরী সহ উত্তর লক্ষিমপুর শহর উত্তর-পূর্বাঞ্চল ভিত্তিক প্রতিশ্রুতি সম্পন্ন স্বচ্ছ শহর পুরস্কার লাভ করেছে । ৩ লক্ষ থেকে ১০ লক্ষ জনসংখ্যার মহানগরের তালিকায় গুয়াহাটী মহানগর দেশের মধ্যে ৪৪ তম স্থান দখল করে । অনাময় ব্যবস্থা এবং আবর্জনামুক্ত শহরের ক্ষেত্রে গুয়াহাটী শংসাপত্র লাভ করেছে ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় গুয়াহাটীকে স্বচ্ছ ও পরিস্কার মহানগর হিসেবে গড়ে তুলতে রাজ্য সরকারের গ্রহণ করা প্রয়াসের স্বীকৃতি বলে মন্তব্য করেছেন ।

---

রাজ্যে শীঘ্রই আরো ৮ হাজার স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষককে নিযুক্তি দেওয়া হবে । শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু গতকাল ডিব্রুগড় জেলার মরাণের খোরাং কলেজের ৪৩ তম প্রতিষ্ঠা দিবসে অংশ নিয়ে একথা ঘোষনা । শিক্ষামন্ত্রী জানান যে নিম্ন প্রাথমিক ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের জন্য ৫ হাজার ৫০০ শিক্ষকের নথিপত্র পরীক্ষার কাজ অব্যাহত রয়েছে । এই প্রক্রিয়া সম্পূর্ন হোয়ার পর শিক্ষকদের নিযুক্তি দেওয়া হবে বলে ডা: পেগু জানান ।

---

জাতীয় তদন্তকারী সংস্থা , এন আই এ নিষিদ্ধ ঘোষিত আলফার সঙ্গে যুক্ত থাকা এবং আই ই ডি রাখার অভিযোগে দু জন ব্যাক্তিকে আটক করেছে । এন আই এ -র পক্ষ থেকে জানানো হয়েছে যে স্বাধীনতা দিবসের আগে রাজ্যে নাশকতামূলক কাজকর্ম চালানোর জন্য দিশপুর লাষ্ট গেটের সামনে বিস্ফোরক আই ই ডি রাখা হয়েছিল । এন আই এ ধৃতদের জিজ্ঞাসাবাদ করছে এবং ঘটনার তদন্ত শুরু হয়েছে ।

---

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রকের পক্ষ থেকে সড়ক দূর্ঘটনায় আহত ব্যাক্তিকে সাহায্য করার জন্য রাহ-বীর প্রকল্পের সূচনা করা হয়েছে । রাহ-বীর প্রকল্পের অধীনে যদি কোন ব্যক্তি , সড়ক দূর্ঘটনায় গুরুতর আহত ব্যাক্তিকে দূর্ঘটনার পরে প্রথম এক ঘন্টার মধ্যে হাসপাতালে ভর্তি করতে সাহায্য করেন , তবে সাহায্যকারী ব্যাক্তিকে নগদ পাঁচ হাজার টাকা এবং একটি সরকারী স্বীকৃতির শংসাপত্র প্রদান করা হবে । যদি কোন ব্যাক্তি একাধিক প্রাণ বাঁচান , তবে ২৫ হাজার টাকা পুরষ্কার প্রদান করা

হবে । এছাড়া  সারা দেশের মধ্যে প্রতি বছর নির্বাচিত ১০ জন সর্বোত্তম রাহ-বীরকে জাতীয় সম্মান ও এক লক্ষ টাকা পুরষ্কার প্রদান করা হবে ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির পক্ষ থেকে আগামী ১৯শে জুলাই থেকে তিন দিনের কার্য্যসূচী হাতে নিয়ে ভাষা শহিদ জগন-যীশুকে স্মরন করা হবে । এ উপলক্ষ্যে আগামী ১৯শে জুলাই বিকেল সাড়ে চারটায় শহিদ সুদেষ্ণা সিনহা স্মারক বক্তৃতা করবেন আসাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডক্টর দীপেন্দু দাস ।

---

শ্রীভূমি জেলায় আগামী ১৫ই অগাষ্ট অনুষ্ঠিত স্বাধীনতা দিবসের কার্য্যসূচী স্থির করতে আগামী ২১শে জুলাই জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে সকাল ১১টায় একটি প্রস্তুতি সভা অনুষ্টিত হবে । এই সভায় উপস্থিত থাকতে জেলা আয়ুক্তের পক্ষ থেকে সাংসদ, বিধায়ক , প্রশাসনিক আধিকারীক ও সাংবাদিকদের  অনুরোধ করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে ভারতীয় বিমান বাহিনীতে অগ্নিবীর বায়ু এবং মেডিকেল অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের জন্য অনলাইনে আবেদন করতে আহ্বান জানানো হয়েছে । জেলা প্রশাসন থেকে  বলা হয়েছে যে ২০০5 সালের দোসরা জুলাই থেকে ২০০৯ সালের দোসরা জানুয়ারীর মধ্যে জন্ম গ্রহন করা অবিবাহিত পুরুষ ও মহিলা প্রার্থীরা আগামী ৩১শে জুলাই-র মধ্যে আবেদন করতে পারবেন । উভয় পদের জন্য আগামী ২৫শে সেপ্টেম্বর অনলাইন পরীক্ষা অনুষ্ঠিত হবে । বিশদ বিবরন ও আবেদনের

জন্য ওয়েব পোর্টাল www.airmenselection.cdac.in - এ যোগাযোগ করা যাবে ।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় সিংগারবন্দ ফুটবল একাডেমী খেলবে দিগর মার স্পোর্টিং ক্লাবের বিরুদ্ধে ।
পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় ইয়ুথ ব্লোমিং ক্লাব ১১ - ১ গোলে চিখুর এফ সি-কে পরাজিত করে ।

---